

১ ধর্মের অর্থ এবং ধর্মের শ্রেণীবিভাগ আলোচনা করো।

'ধর্ম' শব্দটি ভারতীয় দর্শনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈদিক বা আন্তিক দর্শনের ধর্ম শব্দটি যে অর্থে গ্রহণ করা হয়েছে, অবৈদিক চার্বাক ও জৈন দর্শনে সেই অর্থে গ্রহণ করা হয় নি। আবার পাশ্চাত্য দর্শনে 'Religion' শব্দটি যে অর্থে গ্রহণ করা হয় দর্শনে সেই অর্থে 'ধর্ম' শব্দটি গ্রহণ করা হয় না। অবৈদিক দর্শনে ধর্ম বলতে গুণ বা বৈশিষ্ট্যকে বলা হয়েছে। যাহা বস্তু ধারণ করে, তাহাই বস্তুর ধর্ম, আর বৈদিক দর্শনে 'ধর্ম' বলতে কতকগুলি নিয়ম বা রীতি বা আচার অনুষ্ঠান বা পালনের মধ্য দিয়ে ব্যক্তি মানুষ তাঁর পরম লক্ষ্য মোক্ষলাভ করতে পারে।

ভারতীয় নীতিশাস্ত্রে বা বৈদিক শাস্ত্রে কতকগুলি ধর্মের কথা উল্লেখ করা হয়েছে, সেগুলি হল-(ক) স্বধর্ম (২) সাধারণ ধর্ম (৩) আশ্রম ধর্ম (৪) বিশেষ ধর্ম ও (৫) বর্ণ ধর্ম। নিম্নে এগুলি আলোচনা করা হল।

(১) স্বধর্ম: বলতে বোঝায় নিজ ধর্ম। প্রত্যেক ব্যক্তি কোন না কোন বর্ণাশ্রমের অন্তর্গত। প্রত্যেক বর্ণের ধর্ম ভিন্ন। সুতরাং প্রত্যেক ব্যক্তি নিজ নিজ বর্ণের নির্ধারিত কর্ম পালন করবে-এটাই স্বাভাবিক। বর্ণ নির্ধারিত কর্ম পালনই স্বধর্ম পালন করা। অপর বর্ণের নির্ধারিত কর্ম যদি কোন ব্যক্তি পালন করে তাহলে সেই কর্মকে বলা হয় পরধর্ম পালন করা যাহা ভারতীয় শাস্ত্রে গর্হিত কর্ম বলে উল্লেখ করা হয়েছে। যেমন অস্ত্রশিক্ষা হল ক্ষত্রিয় ধর্ম। অর্জুন যখন অস্ত্রশিক্ষালাভ করেন তখন তাহা স্বধর্ম হিসাবে গণ্য হয় কিন্তু যখন একলব্য নামক একজন শুদ্র অস্ত্রশিক্ষা লাভ করতে চায় তখন তার সেই কর্ম পর ধর্ম বলে গর্হিত কর্ম হিসাবে ভারতীয় শাস্ত্রে উল্লেখ করা হয়। এমন কি গীতায় পরধর্মকে - ঘৃণ্যকর্ম বা অপরাধ বলে উল্লেখ করা হয়েছে।

(২) সাধারণ ধর্ম: ভারতীয় শাস্ত্রে কতকগুলি কর্মের কথা বলা হয়েছে যাহা সকল বর্ণের মানুষের কর্তব্য কর্ম বলে উল্লেখ করা হয়েছে। এই সমস্ত সাধারণ কর্ম পালনের মধ্য দিয়ে যে ধর্ম পালন কর হয় তাহা হল সাধারণ ধর্ম। সাধারণ ধর্ম হল-সার্বিক, নিত্য ও নৈতিক জীবনের ভিত্তি। কে হাঁকে জনি চান চালান চোরা মাকে ভারতীয় শাস্ত্রে পাঁচ প্রকার সাধারণ ধর্মের কথা বলা হয়েছে-(১) অহিংসা, (২) সত্য, (৩) অস্তেয়, (৪) শৌচ ও (৫) সংযম। এই পাঁচটি ধর্ম পালনের মধ্য দিয়ে একজন ব্যক্তিকে মানুষ বলা যায়। সেজন্য এই পাঁচটি ধর্ম বা সাধারণ ধর্মকে মনুষ্যত্বধর্মও বলা হয়। তবে যাঙ্কবন্ধ ঋষি যাঙ্কবন্ধস্মৃতিতে নয়টি সাধারণ ধর্মের কথা উল্লেখ করেছেন, সেগুলি হল, যথাক্রমে- (১) অহিংসা, (২) সত্য, (৩) অস্তেয়, (৪) শৌচ, (৫) ইন্দ্রিয় নিগ্রহ, (৬) দান, (৭) দম, (৮) দয়া ও (৯) ক্ষান্তি।